

## 💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

৪৫ - যে ব্যক্তি যমানাকে গালি দেয় সে আল্লাহকে কষ্ট দেয়

🕽 । আল্ল**া**হ তাআলা এরশাদ করেছেন.

وَقَالُوا مَا هِيَ إِلَّا حَيَاتُنَا الدُّنْيَا نَمُوتُ وَنَحْيَا وَمَا يُهْلِكُنَا إِلَّا الدَّهْرُ (الجاثية: 24)

''অবিশ্বাসীরা বলে, 'শুধু দুনিয়ার জীবনই আমাদের জীবন। আমরা এখানেই মরি ও বাঁচি। যমানা ব্যতীত অন্য কিছুই আমাদেরকে ধ্বংস করতে পারে না।" (জাসিয়া : ২৪)

২। সহীহ হাদীসে আবু হুরায়রা রা. থেকে বর্ণিত আছে, রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল**াম বলেছেন, আল্ল**াহ তাআলা এরশাদ করেন,

يؤذيني ابن آدم يسب الدهر وأنا الدهر، أقلب الليل والنهار.

لا تسبوا الدهر فإن الله هو الدهر

"তোমরা যমানাকে গালি দিওনা। কারণ, আল্ল**াহই হচ্ছেন যমানা।**"

- এ অধ্যায় থেকে নিম্নোক্ত বিষয়গুলো জানা যায়.
- ১। কাল বা যমানাকে গালি দেয়া নিষেধ।
- ২। যমানাকে গালি দেয়া আল্ল**াহকে ক**ষ্ট দেয়ারই নামান্তর।
- والدهر । ৩ فإن الله هو الدهر । ৩ 'আল্ল**াহই হচ্ছেন যমানা' রাসূল সাল্লাল্ল**াহু আলাইহি ওয়া সাল্লামের এর বাণীর মধ্যে গভীর চিন্তার বিষয় নিহিত আছে।
- ৪। বান্দার অন্তরে আল্ল**াহকে গালি দেয়ার ইচ্ছা না থাকলেও অসাবধনতা বশতঃ মনের অগোচরে তাঁকে গালি** দিয়ে ফেলতে পারে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5121

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন